কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০১২.০১১.০১.০০.০১৯.২০১৪-৮৬১

তারিখঃ ১৫ ভাদ্র ১৪২২ বঃ / ৩০ আগষ্ট ২০১৫ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ পূরণের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সঠিকতা যাচাই ও প্রয়োজনীয় পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যুর পূর্বে মুক্তিযোদ্ধা সনদপত্রের (মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিতদের ক্ষেত্রে) সঠিকতা যাচাইয়ের জন্য **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত 'ছক'** মোতাবেক প্রার্থীদের তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি/ডকুমেন্ট প্রয়োজনঃ

(ক) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ;

(খ) মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা ও মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক; এবং

(গ) মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র।

০২। এছাড়া, পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম (সংযুক্ত) পূরণপূর্বক তাতে নির্বাচিত প্রার্থীগণের স্বাক্ষর প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ প্রয়োজনীয় কাগজপত্রাদি/ডকুমেন্ট ও পূরণকৃত ছকসহ কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় **(ভবন নং-৪, কক্ষ নম্বর-৪২৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)** উপস্থিত হয়ে উপরে বর্ণিত কার্যাদি সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত ছক/ফরম-এর ছায়ালিপি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moa.gov.bd) দেয়া হয়েছে।

**সংযুক্তিঃ** নির্ধারিত ছক ৫ (পাঁচ) পাতা।

৩০/৮/১৫

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৪২৯
ই-মেইলঃ sas.ad1.moa@gmail.com

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ**

১। যুগ্মসচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(নির্বাচিত ৩০ জন প্রার্থীকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)**।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় **(নির্ধারিত ফরমসহ পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জনাব ..........................................................................................................
..........................................................................................................
..........................................................................................................(সংশ্লিষ্ট প্রার্থী)।

E:\14\Nioge-14\Letter-1.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৩.১১.০৬০.২০১৫/২৬৩

তারিখ: ১৪ বৈশাখ ১৪২২
২৭ এপ্রিল ২০১৫

বিষয়ঃ মুক্তিযোদ্ধা সনদপত্রের সঠিকতা যাচাইয়ের জন্য 'ছক' মোতাবেক তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা সন্তান কোটায় নিয়োগ, ভর্তির লক্ষ্যে মুক্তিযোদ্ধার দাখিলকৃত সনদের সঠিকতা যাচাইয়ের জন্য এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সময় পূর্ণাঙ্গ তথ্য না থাকায় সনদপত্রের সঠিকতা নিরুপনে বিলম্বের সৃষ্টি হয়। অনেক সময় প্রত্যয়ন/ সঠিকতা যাচাই সম্ভব হয় না।

এমতাবস্থায়, মুক্তিযোদ্ধা সনদপত্রের সঠিকতা যাচাই এর জন্য ছকে বর্ণিত তথ্যাদি'র সত্যায়িত ফটোকপি বা প্রমাণকসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নম্বর | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য/ ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) | (০৭) | (০৮) | (০৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |

(সাজিয়া জামান)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন ঃ ৯৫৮৮২২৭
sasattestration@molwa.gov.bd

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব
............................................................মন্ত্রণালয়/বিভাগ/(সকল)
............................................................
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\2015 Folder\Farote 15\Letter A4 2015 Farote.doc

৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়

## মুক্তিযোদ্ধা সনদ যাচাই ফরম

প্রার্থীর নাম : পিতার নাম :

পদের নাম :

প্রত্যাশী মন্ত্রণালয় :

স্মারক নম্বর : তারিখ:

বিষয় : মুক্তিযোদ্ধা সনদ যাচাই

| ক্র: নং | (১) | | (২) | (৩) |
|---|---|---|---|---|
| | মুক্তিযোদ্ধার নাম | | পিতার নাম | গ্রাম/ডাকঘর/ওয়ার্ড নং/উপজেলা/ জেলা/ অন্যান্য |
| (ক) | সাময়িক সনদ | | | |
| (খ) | বামুস সনদ | | | |
| (গ) | মুক্তিবার্তা | | | |
| (ঘ) | গেজেট | | | |
| (ঙ) | ভারতীয় তালিকা | | | |

| ক্র: নং | (৪) | | (৫) | | | (৬) |
|---|---|---|---|---|---|---|
| | সামরিক সনদ/মুক্তিবার্তা/গেজেট/ বামুস সনদ/কল্যাণ ট্রাস্ট নম্বর ও তারিখ | | জন্ম তারিখ | | | মন্তব্য |
| | | | জন্ম সনদ | এসএসসি | এনআইডি | |
| (ক) | সাময়িক সনদ | | | | | |
| (খ) | বামুস সনদ | | | | | |
| (গ) | মুক্তিবার্তা | | | | | |
| (ঘ) | গেজেট | | | | | |
| (ঙ) | ভারতীয় তালিকা | | | | | |

# পুলিশ প্রত্যয়ন বিবরনী ফরম

সমস্ত দফাগুলোর সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করবেন কারণ কোন কিছু বাদ গেলে বিলম্ব হওয়ার সম্ভাবনা থাকতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে।

প্রার্থী যে পদে নিযুক্ত হবেন সেই পদের নামঃ ------------------------------------

## ১ম ভাগ ঃ (প্রর্থী নিজে পূরণ করবেন)

১। ডাক নাম থাকলে তৎসহ পুরো নাম (স্পষ্টাক্ষরে) ঃ ----------------------------

ও জাতীয়তা ঃ -----------------------

২। পিতার পুরো নাম ও চাকুরীতে থাকলে পদের নাম ঃ ----------------------

এবং জাতীয়তা ঃ -----------------------

৩। বাড়ীর পুরো নাম (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা ও জেলা) ঃ গ্রাম-----------------

ডাকঘর- ----------------------থানা- ----------------------------, জেলা----------------------- ।

৪। বর্তমান বাসস্থানের ঠিকানা ঃ ----------------------------------------------------------------

৫। প্রার্থী যে সকল স্থানে বিগত ৫(পাঁচ) বছরে ছয় মাসের অধিক অবস্থান করেছেন সে সব স্থানের ঠিকানা ঃ

| ঠিকানা | তারিখ হতে | তারিখ পর্যন্ত |
|---|---|---|
| | | |
| | | |

৬। জন্ম তারিখ (প্রর্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে উক্ত সার্টিফিকেটের বয়স লিখতে হবে) ঃ --------------------- ।

৭। জন্ম স্থান (গ্রাম, থানা, জেলা ইত্যাদি উল্লেখ করতে হবে) ঃ গ্রাম----------------------------------------

ডাকঘর- ----------------------থানা- ----------------------------, জেলা----------------------- ।

৮। প্রার্থী ১৫ (পনের) বছর বয়স হতে যেসব বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে অধ্যয়ন করেছেন সে সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বছর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতা ঃ

| বিদ্যালয়/মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | শ্রেণী ও রোল নম্বর | ভর্তির তারিখ | পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৯। অফিসে বা ব্যবসায় প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করে থাকলে তার পূর্ন বিবরণ ও ঠিকানা এবং সেগুলো পরিত্যাগের কারণঃ

| অফিস/ব্যবসায় প্রতিষ্ঠান | তারিখ হতে | তারিখ পর্যন্ত | পরিত্যাগের কারণ |
|---|---|---|---|
| | | | |

বাংলাদেশ সেনাবহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করে থাকলে, অব্যাহতি সার্টিফিকেটে লিপিবদ্ধ চাকুরীর মেয়াদ কি কি দায়িত্ব পালন করেছেন এবং চরিত্র ও আচার-ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরণাদি উল্লেখ করতে হবে।

বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামে মুক্তিযোদ্ধা হিসেবে কোন প্রার্থী পূর্বে কাজ করে থাকলে এ মর্মে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সঙ্গে দিতে হবে।

টীকা ঃ সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হতে হবে যে, উল্লিখিত ভূতপুর্ব সামরিক কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং ভূতপুর্ব মুক্তিযোদ্ধাদের সার্টিফিকেট সন্তোষজনক।

১০। ফৌজদারী, রাজনৈতিক বা অন্য কোন মামলায় গ্রেফতার অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কৃত হয়েছেন কিনা, হয়ে থাকলে তারিখ সহ পূর্ণ বিবরন দিতে হবে ঃ ---------------

১১। নিকট আত্মীয়-স্বজনের কেউ অর্থাৎ ভাই, ভগ্নী, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখ পূর্বক পূর্ণ বিবরণ।

| আত্মীয় স্বজনের নাম | পদের নাম | কর্মস্থান |
|---|---|---|
| | | |
| | | |

১২। প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যয়ন করেছেন উহার প্রধানদের নিকট হতে একটি চরিত্রগত সার্টিফিকেট এর সঙ্গে দিতে হবে।

১৩। প্রার্থীর চরিত্র ও পূর্ব পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর আত্মীয়সূত্রে আবদ্ধ নন এমন দুই ব্যক্তির ঠিকানা সহ নাম (সংসদ সদস্য, ১ম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, রিডার, সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ) ঃ

| নাম | ঠিকানা |
|---|---|
| | |
| | |

১৪। বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হলে বা বিবাহের প্রস্তাব থাকলে, যাকে বিবাহ করা হয়েছে বা বিবাহ করার প্রস্তাব রয়েছে তাঁর জাতীয়তা উল্লেখ করতে হবে ঃ

---

আমি শপথ পূর্বক বলছি যে, উপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক।

.................
প্রার্থীর স্বাক্ষর

.....................................................
প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবী এবং
পুরো ঠিকানাসহ অফিসের নাম ও তারিখ।

**২য় ভাগ ঃ (জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ড/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টরজেনারেল অব পুলিশ পুরণ করবেন)।**

---

উপযুক্ত ঃ

নিম্নোক্ত কারনের জন্য অনুপোযুক্ত ঃ

স্থান ঃ.....................................

তারিখ ঃ...................................

.......................................
পুলিশ সুপারিনটেনডেন্ট
জেলা স্পেশাল ব্রাঞ্চ/ডেপুটি ইন্সপেক্টর-
জেনারেল অব পুলিশ স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

---

টিকা ঃ প্রত্যয়ন সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর-জেনারেল অব পুলিশ জবাবসহ এ ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ড কোন তথ্য পাওয়া যায় তাহলে, জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এ ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠাবেন।

...............................................
প্রতিস্বাক্ষরিত
ডেপুটি ইন্সপেক্টর-জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ, ঢাকা।